

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
আমার বাড়ি আমার খামার প্রকল্প  
প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩)  
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০  
[www.ebek-rdcd.gov.bd](http://www.ebek-rdcd.gov.bd)

স্মারক নং-এবাএখা/প্রশা/কুমিল্লা /১৩৪/২০১৭- ৫৬৬০


তারিখঃ ১৭.০৬.২০২১ খ্রি।

বিষয়: প্রকল্পের চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করণ প্রসঙ্গে।

জনাব মো: আলাউদ্দিন, মাঠ সহকারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা - আপনি, আপনার দায়িত্বরত ইউনিয়নের ১৫টি সমিতির সদস্যদের নিকট হতে সঞ্চয় এবং ঋণের কিস্তি বাবদ ৪,১৯,৪৩৩ (চার লক্ষ উনিশ হাজার চারশত তেত্রিশ) টাকা আত্মসাৎ করেন মর্মে উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা প্রকল্প সদর দপ্তর কে লিখিতভাবে অবহিত করেন।

বর্ণিত বিষয়টি অত্যন্ত হতাশাজনক, অফিস শৃঙ্খলা পরিপন্থি, অর্থ আত্মসাৎ এবং ধৃষ্টতার সামিল। আপনাকে প্রকল্পের কাজে বহাল রাখা সমীচীন নয় বলে প্রকল্প কর্তৃপক্ষ মনে করেন। এমতাবস্থায়, প্রকল্পের নিয়োগ পত্রের ০৬ নং শর্তানুযায়ী জনাব মো: আলাউদ্দিন, আপনাকে প্রকল্পের চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

জনাব মো: আলাউদ্দিন কর্তৃক আত্মসাতকৃত ৪,১৯,৪৩৩ (চার লক্ষ উনিশ হাজার চারশত তেত্রিশ) টাকা আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে উপজেলা সমন্বয়কারীর কার্যালয় ব্রাহ্মণপাড়া, কুমিল্লা অফিসে জমা প্রদানের নির্দেশ প্রদান করা হলো। আত্মসাতকৃত টাকা জমা প্রদানে ব্যর্থ হলে জনাব মো: আলাউদ্দিনের বিরুদ্ধে ফৌজদারী মামলা এবং আত্মসাতকৃত অর্থ আদায়ের জন্য সার্টিফিকেট মামলা (পাবলিক ডিম্যান্ড রিকভারি আইন, ১৯১৩ এর সংশ্লিষ্ট ধারা) করার জন্য উপজেলা সমন্বয়কারী/ শাখা ব্যবস্থাপক ব্রাহ্মণপাড়া, কুমিল্লা কে অনুমতি প্রদান করা হলো।



(আকবর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্তি সচিব)

ফোনঃ ০২-৯৩৫৯০৮৩, ফ্যাক্সঃ ০২-৯৩৪৮২০৬

জনাব মো: আলাউদ্দিন, মাঠ সহকারী (সাময়িক বরখাস্তকৃত)  
আমার বাড়ি আমার খামার প্রকল্প, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

১. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
২. জেলা প্রশাসক, কুমিল্লা।
৩. উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
৪. জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, কুমিল্লা (আত্মসাতকৃত অর্থ জমা প্রদানের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)।
৫. উপজেলা সমন্বয়কারী/ শাখা ব্যবস্থাপক, আমার বাড়ি আমার খামার প্রকল্প, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
৬. জনাব.....।
৭. সংশ্লিষ্ট নথি।